

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৪৬  
খোয়াই, ৩১ জানুয়ারি, ২০২৪

কবি নজরুল বিদ্যাভবন দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে  
জাতীয় সেবা প্রকল্পে প্রশিক্ষণ শিবির শুরু

আজ তেলিয়ামুড়ার কবি নজরুল বিদ্যাভবন দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের এনএসএস ইউনিটের উদ্যোগে জাতীয় সেবা প্রকল্পে ৭ দিনের বার্ষিক বিশেষ প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। বিদ্যালয়ের অডিটোরিয়ামে ৭ দিনের এই বিশেষ শিবিরের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার মুখ্যসচিব কল্যাণী সাহা রায়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি ছাত্রছাত্রীদের শিক্ষিত হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের উন্নতিতে নিজেদের নিয়োজিত করতে আহ্বান জানান। অনুষ্ঠানের অতিথি হিসেবে তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সাহা আদর্শ সমাজ তৈরীর পাশাপাশি সমাজ ও দেশের কল্যাণে সামিল হতে ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূধন রায়, পুর প্যারিসদ অচিন্ত্য ভট্টাচার্য, পুর প্যারিসদ নিশারানী সূত্রধর প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের এনএসএস ইউনিটের প্রোগ্রাম অফিসার আশুতোষ দেব। এনএসএস শিবির উপলক্ষে বিদ্যালয়ে এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন মুখ্যসচিব কল্যাণী সাহা রায়। শিবিরে মোট ১১ জন স্বেচ্ছায় রক্তদান করেন। মুখ্যসচিব শ্রীমতি সাহা রায় বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য একটি অটল টিংকারিং ল্যাবরেটরীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের অধ্যক্ষ বিশুরাই দেববর্মা। শিবিরে বিদ্যালয়ের ৪০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছে।

\*\*\*\*\*